

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
E-mail: drugad2017@gmail.com

স্মারক নং- স্বাপকম/স্বাস্থ্যসেবা/বিঃ/ঔঃ প্রঃ-১/বিবিধ-৬/২০০৮(অংশ-১)(১৭)- ১২৩


তারিখঃ- ১১.১২.২০১৭খ্রিঃ

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন প্রতিষ্ঠানকে নিবন্ধিত মেডিকেল ডিভাইস ক্রয়ের নির্দেশনা প্রদান প্রসংগে।

সূত্র- ডিজিডিএ/বিবিধ-৩/০৩/১৭৪৭৭ তারিখ- ২২-১১-২০১৭ ইং ঔষধ প্রশাসন অধিদপ্তর থেকে প্রাপ্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ড্রাগ অ্যাক্ট ১৯৪০ মোতাবেক মেডিকেল ডিভাইস ঔষধ হিসেবে পরিগণিত। ঔষধ প্রশাসন অধিদপ্তর ড্রাগ অ্যাক্ট ১৯৪০ এবং ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৮২ মোতাবেক মেডিকেল ডিভাইস নিয়ন্ত্রণ করে থাকে। ঔষধ প্রশাসন অধিদপ্তর দেশে উৎপাদিত ও আমদানিকৃত বিভিন্ন প্রকার মেডিকেল ডিভাইসের নিবন্ধন প্রদান করে থাকে। মেডিকেল ডিভাইসের নিরাপত্তা, মান এবং কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন আবশ্যিক। মেডিকেল ডিভাইস রেজিস্ট্রেশন কার্যক্রম সুষ্ঠু ও কার্যকরভাবে পরিচালনার নিমিত্তে ইতোমধ্যে মেডিকেল ডিভাইস রেজিস্ট্রেশন গাইডলাইন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ সিএমএসডি সহ সকল সরকারি, বেসরকারি হাসপাতাল ও ক্লিনিক কর্তৃক রেজিস্ট্রেশন বিহীন মেডিকেল ডিভাইস ক্রয় না করা এবং মেডিকেল ডিভাইস ক্রয়ের ক্ষেত্রে টেন্ডার ডকুমেন্টস-এ সংশ্লিষ্ট মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।



(মাকসুদা ইয়াসমিন)
সিনিয়র সহকারি সচিব
ফোন- ৯৫৪৫৪৬২

সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৪. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী, শের-ই-বাংলানগর, ঢাকা।
৫. পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সকল সরকারি হাসপাতালে বিতরণের অনুরোধ সহ)
৬. পরিচালক (বেসরকারী হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সকল বেসরকারী হাসপাতালে বিতরণের অনুরোধ সহ)
৭. পরিচালক (কমিউনিটি ক্লিনিক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সকল কমিউনিটি ক্লিনিকে বিতরণের অনুরোধ সহ)
৮. পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
৯. পরিচালক (সকল হাসপাতাল).....
১০. অধ্যক্ষ, (সকল মেডিকেল কলেজ).....
১১. সিভিল সার্জন (সকল).....
১২. প্রতি.....

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব(উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব(সরকারী বেসরকারী হাসপাতাল স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।